গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর দপ্তর

বাংলাদেশের স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি
মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়: ২০ মার্চ ২০১৮, মঙ্গলবার, বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষ

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক'

সভার শুরুতে সভাপতি জনাব আসাদুজ্জামান খান, এমপি, মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে বলেছেন তিনি বদলে দিবেন বাংলাদেশকে এবং তিনি তাই করেছেন। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় তিনি মাননীয় প্রধানমন্ত্রীর নের্তৃত্বের প্রতি কৃতজ্ঞতা এবং সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতির অনুরোধক্রমে সচিব, জননিরাপত্তা বিভাগ সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচ্য বিষয়সমূহ ক্রমঅনুসারে সভায় উপস্থাপন করেন এবং উপস্থিত সকলকে সার্বিক নিরাপত্তার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ:

১। ২২-২৫ মার্চ ২০১৮ তারিখের মধ্যে রাজধানী ঢাকাসহ সারাদেশের সকল অনুষ্ঠানমালায় আইন শৃঙ্খলা বাহিনী সকল ধরনের নিরাপত্তার নিশ্চিত করবে।

২। ২২ মার্চ ২০১৮ তারিখ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রীর সংবর্ধনাস্থলে এস এস এফ এর সাথে সমন্বয় করে যথাযথ নিরাপত্তার ব্যবস্থা করা হবে।

৩। ২২ মার্চ ২০১৮ তারিখ ঢাকার ৪ (চার)টি জোনে ৯টি পয়েন্ট হতে ৩টি রুটে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রবেশ করবে। স্টেডিয়াম বিকাল ২.৩০ হতে ৫.০০ টা পর্যন্ত খোলা থাকবে। বিকাল ৫.০০ টার পর সকল গেট বন্ধ করে দেয়া হবে।

৪। ২২ মার্চ ২০১৮ তারিখ ঢাকার সকল অঞ্চলে ট্রাফিক ব্যবস্থা ও নিরাপত্তার বিষয়ে বিশেষ নজর রাখা হবে।

৫। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রবেশের পথে বাঁশ দিয়ে লাইন তৈরী করবে ডিএমপি ও পর্যাপ্ত সংখ্যক আর্চওয়ে রাখা হবে এবং মহিলাদের জন্য আলাদা আর্চওয়ে ও মহিলা পুলিশ মোতায়েন করা হবে।

৬। নিরাপত্তার স্বার্থে সচিবালয়ে ২২ মার্চ ২০১৮ তারিখ বিকাল ৩.০০ টার পর কোন যানবাহন ঢুকতে বা বাহির হতে পারবেনা।

৭। ২২ মার্চ ২০১৮ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে কোন রকমের ব্যাগ বা ব্যাক প্যাক নিয়ে প্রবেশ করা যাবে না এবং কোন ধরনের দাহ্য পদার্থ যেমন-দিয়াশলাই, লাইটার বা কোন ধরনের নিরাপত্তা হুমকী বহন করে এরুপ দ্রব্য/মেটালিক দ্রব্য বহন করা যাবে না। শুধুমাত্র মোবাইল ফোন ব্যবহার করা যাবে।

৮। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের বাইরে ডিএমপি কর্তৃক নির্ধারিত ২০ বা ততোধিক স্থানে এলইডি ডিসপ্লে স্থাপনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করা হবে।

৯। সর্ব সাধারণের সুবিধার্থে নাগরিক সুবিধা নিশ্চিতের লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন মোবাইল টয়লেট ও পানির গাড়ীর ব্যবস্থা করবে, ফায়ার সার্ভিস প্রস্তুত থাকবে, স্বাস্থ্য অধিদপ্তর এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম প্রস্তুত রাখবে।

১০। ২২ মার্চ ২০১৮ তারিখ ডিএমপি নির্ধারিত পেরিফেরির ভিতরে কোন যানবাহন প্রবেশ করতে পারবে না তবে সুসজ্জিত ঘোড়ার গাড়ী প্রবেশ করতে পারবে।

১১। ২২ মার্চ ২০১৮ তারিখ ডিএমপির চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সিসিটিভি ক্যামেরা স্থাপনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করা হবে এবং পত্র দেয়া হবে। ইআরডি বিষয়টি সার্বিক সমন্বয় করবে।

১২। ২২ মার্চ ২০১৮ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ১৫টি প্রবেশপথে বিশেষ সরকারি এবং সাধারণ এ তিনটি ক্যাটাগরিতে ডিএমপি বিভক্ত করে দিবে।

১৩। ২৩ মর্চ ২০১৮ তারিখ হোটেল রেডিসন ব্লু'তে অনুষ্ঠেয় আন্তর্জাতিক সেমিনারে সকল ধরনের নিরাপত্তার ব্যবস্থা করবে বাংলাদেশ পুলিশ।

১৪। ২৩ মার্চ ২০১৮ তারিখ হাতিরঝিলে উন্মুক্ত অনুষ্ঠানের চারপাশে নিরাপত্তা বেষ্টনী গড়ে তোলা হবে যাতে নগরের সকল নাগরিক অনুষ্ঠান উপভোগ করতে পারে। তবে নিরাপত্তার স্বার্থে হাতিরঝিলের চারপাশে একটি পেরিফেরি নির্ধারণ করা হবে যার ভিতরে নির্দিষ্ট সময়ের পর কোন যানবাহন প্রবেশ করতে দেয়া হবে না।

১৫। ২২ মার্চ ও ২৩ মার্চের অনুষ্ঠান তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে সকল প্রিন্ট, ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হবে যাতে করে নাগরিকগণ আগে থেকে প্রস্তুতি নিতে পারে। ট্রাফিক ব্যবস্থাপনার বিষয়টি সকল এফএম রেডিওতে প্রচার করতে হবে।

১৬। ডিএমপি ২২ মার্চ ২০১৮ তারিখ শোভাযাত্রার পয়েন্টের বিস্তারিত তথ্য জায়ান্ট বোর্ডের মাধ্যমে বিভিন্ন স্থানে প্রদর্শনের ব্যবস্থা করবে।

১৭। গোয়েন্দা তৎপরতা জোরদার করা হবে এবং সকল বিষয়ের উপর সজাগ দৃষ্টি রাখা হবে যাতে কোন রকম বিশৃঙ্খলার সুযোগ না থাকে।

১৮। উৎসব চলাকালীন সময়ে র‍্যাব তার কার্যক্রম বিশেষভাবে পরিচালনা করবে এবং বিজিবি সার্বক্ষণিক প্রস্তুত থাকবে।

১৯। ডিএমপির ট্রাফিক বিভাগ ২২ মার্চ ২০১৮ তারিখ নগরের ট্রাফিক ব্যবস্থাপনায় বিশেষ তৎপর থাকবে।

২১। ২২ মার্চ ২০১৮ তারিখ শোভাযাত্রার লক্ষ্যে বিভিন্ন অধিদপ্তর হতে যে সব গাড়ি ৯টি পয়েন্টে আসবে তারা পেরিফেরির বাইরে নিজস্ব ব্যবস্থাপনায় পার্কিং করবে। কোনভাবেই পেরিফেরির ভিতরে গাড়ি প্রবেশ করতে পারবেনা।

পরিশেষে সভাপতি সকলকে আগামী ২২ মার্চ হতে ২৫ মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠানমালায় নিচ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ২০/০৩/১৮

(আসাদুজ্জামান খাঁন)
**মন্ত্রী**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

F:\File Reservation\A\Resoulition of LDC.docx

স্মারক নম্বর ৪৪.০০.০০০০.০৫৯.০০৬.০৩.১৮-**২০** তারিখ: ২০ মার্চ ২০১৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়।
২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা (ডিজিএফআই), ঢাকা সেনানিবাস, ঢাকা
৫। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থা (এনএসআই), সেগুনবাগিচা, ঢাকা।
৬। মহাপরিচালক, বর্ডার গার্ড, বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৭। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
৯। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৩। মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), উত্তরা, ঢাকা।
১৪। সমন্বয়ক, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা, ধানমন্ডি, ঢাকা।
১৫। অতিরিক্ত সচিব (রাজনৈতিক/প্রশাসন/পুলিশ ও এনটিএমসি/আনসার ও সীমান্ত), জননিরাপত্তা বিভাগ/(প্রশাসন/অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১৭। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। পরিচালক, এনটিএমসি, তেজগাঁও, ঢাকা।
১৯। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
২০। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা।
২১। যুগ্ম পুলিশ কমিশনার, ট্রাফিক উত্তর/দক্ষিণ, ডিএমপি, ঢাকা।
২২। প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব
জননিরাপত্তা বিভাগ
০১৭৪৬৬২৬২২৯

স্মারক নম্বর ৪৪.০০.০০০০.০৫৯.০০৬.০৩.১৮-**২০** তারিখ: ২০ মার্চ ২০১৮

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। কমিশনার,---------------------বিভাগ (সকল)।
২। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক,--------------------- (সকল)।
৪। পুলিশ সুপার,-------------------- (সকল)।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-১ ও ২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর গণসংযোগ কর্মকর্তা (পিআরও), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮। প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

20/03/18

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব

F:\File Reservation\A\Resoulition of LDC.docx